

ভাজউদ্দিনের শার্ট

তানতীর মোকাম্মেল

নিশীথে নীরব ঘরটি থিয়েটার রোডে
মানুষেরা ফিরে গেছে অভিনেতারাও

গোষ্ঠীপরা অভিজাত দেহ
মলিন শার্টটা ঝোলানো পাশের চেয়ারে
চোখে মেধাবী চশমা ঈশৎ ঝুঁকে
রণাঙ্গনের রিপোর্টে মনোযোগ

পেছনে ছিল জ্বলন্ত নগরী
সামনে পদ্মার উত্তাল ঢেউ
বারবার কতবার
মান্দাসের ভেলায় ভাসে
বাংলার শব

মাতাল দেবতাদের আসরে সেবার
গাঁয়ের ভাঁটফুল
নেচেছিল পায়ে তার

এবারে পরীক্ষা বীর্য ও মেধার

কখনো বা জানালার বাইরে চোখ
বিস্ময়তা নামে রাতের আঁধারে জোনাকীরা
নেতা বন্দী কংসের কারাগারে
পুনরায় পুরাণের ভরত-শাসন
কখনো কী জানবেন রাম
বনবাসের দুখী দিনগুলোর কথা
ঘরকেউটেরা যখন ছিল ছোবলের অপেক্ষায়।

রাতের হলুদ ট্যান্ড্রিকুলি লাল আভা ছড়িয়ে যায়
মহানগরবাসী ঘরে ফেরে
কেবল শরণার্থীর কোনো ঘর থাকে না

কারো বা থেকেও নেই
শ্রেমহীন আরো একটি রাত্রি জাগরণ
বেদনায় বিদীর্ণ শার্টটি একান্ত সঙ্গী
বাতাসে দোলে মনোযোগ চায়.....

কাল দিল্লী
প্রিয়দর্শিনীর সঙ্গে সভা
বাংলার ভাগ্য হবে নির্ধারণ

এইবার উঠতে হয়
শার্টটা কাচতে হবে ॥